



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৭৬০৯

তারিখঃ ০১ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
১৬ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ফয়রা নেছারিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: অভয়নীল, উপজেলাঃ নলছিঠি, জেলাঃ ঝালকাঠি-এর ফাজিল (স্নাতক) স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৯.০২.২০১৯খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির কামিল(স্নাতকোত্তর) হাদীস, তাফসীর, ফিকহ ও আদব বিভাগ নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

- ১) শূন্য পদে এবতেদায়ী প্রধান, সহকারী মৌলভী ০২(দুইজন), সহকারী শরীরচর্চা শিক্ষক ও এবতেদায়ী জুনিয়র শিক্ষক পদে নিয়োগের ব্যবস্থা করতে হবে।
- ২) একাডেমিক ভবন নির্মাণ করতে হবে।
- ৩) একাডেমিক কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ রিপোর্ট সংরক্ষণ এবং শ্রেণীকক্ষে মানসম্মত পাঠদানের জন্য সম্মানিত শিক্ষকবৃন্দকে নিয়ে কর্মশালার আয়োজন করতে হবে।
- ৪) মাদরাসার যে সব জমির নামজারী নেই তা নামজারী করে হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
- ৫) লাইব্রেরীর জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ও বই ক্রয় করে সর্বদা সুসজ্জিত করতে হবে।
- ৬) প্রতিষ্ঠানের সকল আয় ক্যাশ কলাম বইতে আয়ের খাত অনুযায়ী রশিদ নম্বর উল্লেখসহ লিপিবদ্ধ করতে হবে। ব্যয় খাতে ডেবিট ভাউচারে ক্রমিক নম্বর উল্লেখ করে ক্যাশ কলাম বইতে খাত অনুযায়ী লিপিবদ্ধ রাখতে হবে এবং গভর্নিং বডি'র সভায় মাদরাসার আয়- ব্যয় অনুমোদন নিতে হবে।
- ৭) ছাত্র-ছাত্রীদের ইংরেজী ও আরবি ভাষা শিক্ষার ব্যবস্থা করতে হবে।
- ৮) মাদরাসায় অনুপস্থিত ছাত্র- ছাত্রীদের শ্রেণি কক্ষে উপস্থিত করানোর বিষয়ে গভর্নিং বডি'র সভায় আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৯) অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে


16.10.19
(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

ফয়রা নেছারিয়া ফাজিল মাদরাসা,
ডাকঘর: অভয়নীল, উপজেলাঃ নলছিঠি, জেলাঃ ঝালকাঠি।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৭৬০৯

তারিখঃ ০১ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
১৬ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্লিফসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, ফয়রা নেছারিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: অভয়নীল, উপজেলাঃ নলছিঠি, জেলাঃ ঝালকাঠি।
- ৮। অফিস নথি।


16.10.19
শিরিনা আক্তার

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল: ০১৬৪২-১০০০১৫

অধি/নবায়ন/ফাইল নং- বরিশাল- ৪৭